

রেজিস্ট্রারের কার্যালয়  
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল  
২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা-১০০০  
www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮(৬)/২০২১- ৩৪৯

তারিখঃ ২৫ মার্চ ২০২১ খ্রিঃ

**বিজ্ঞপ্তি**  
উত্তরপত্র (লিখিত) মূল্যায়ন এবং মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা সংক্রান্ত

কোভিড-১৯ বিবেচনায় রেখে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীনে ২১ মার্চ ২০২১ খ্রিঃ হতে চলমান ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সের ১ম ও ২য় বর্ষ এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের ১ম বর্ষের চূড়ান্ত পরীক্ষার উত্তরপত্র (লিখিত) মূল্যায়ন এবং মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা জরুরী ভিত্তিতে নিম্নে উল্লেখিত ছক অনুযায়ী বন্টন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

২। কেন্দ্র প্রধান/কেন্দ্র সচিব উত্তরপত্র মূল্যায়নের জন্য গ্রুপ-A সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যোগ্যতাসম্পন্ন শিক্ষকগণের নিকট বন্টন করবেন। গ্রুপ-B অন্য প্রতিষ্ঠানের যোগ্যতাসম্পন্ন শিক্ষক/পরীক্ষক কর্তৃক মূল্যায়নের জন্য বন্টন করবেন। উত্তরপত্র মূল্যায়নের জন্য প্রদানকৃত তারিখ হতে ৩ (তিন) কর্মদিবসের মধ্যে সম্পন্ন করতে হবে।

**ছকঃ**

ক্রমিক নং	শিক্ষকের নাম ও পদবী	কর্মরত প্রতিষ্ঠানের নাম	উত্তরপত্রের বিষয়ের নাম	গ্রুপের নাম (MCQ সহ)	সংখ্যা	মোবাইল নং

৩। লিখিত পরীক্ষা শেষ হওয়ার পর কোভিড-১৯ (করোনা ভাইরাস) এর কারণে স্বল্প সময়ের মধ্যে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করতে হবে।

বিঃ দ্রঃ- কেন্দ্র প্রধান/কেন্দ্র সচিব বর্ণিত ছক অনুযায়ী মূল্যায়নকৃত উত্তরপত্র ও নম্বরপত্র (পৃথক গোপনীয় প্যাকেট) আগামী ২৩-০৪-২০২১ খ্রিঃ মধ্যে বামাকৃত ডাকে/সরাসরি কাউন্সিলে জমা নিশ্চিত করতে হবে।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন-৯৫৬৪১৫৯

ই-মেইল: bnmc.examination@gmail.com

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮(৬)/২০২১-৩৪৯/১(১৩০)

তারিখঃ ২৫ মার্চ ২০২১ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ**

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম (দৃ: আ: উপসচিব (নার্সিং শিক্ষা) স্বাশিপকবি।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি ও পরিচালক (চিশিজ), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. সদস্য (সকল), পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি এবং.....
৫. সকল কেন্দ্র প্রধান।
৬. অধ্যক্ষ/ইনচার্জ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট.....
৭. হিসাব শাখা/পরীক্ষা শাখা, বিএনএমসি।
৮. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৯. জনাব/বেগম.....